



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৩.১৩.০০৬.২০০২-৬৪৩

তারিখঃ ২২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, যশোর।

বিষয়ঃ সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন নড়াইল ও মাগুড়া জেলাধীন সার গুদাম ক্যাম্পাসে ক্ষুদ্র সেচ উইং এর জোন অফিস ভবন নির্মাণে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্ষুদ্র সেচে উইং এর মাধ্যমে বাস্তবায়নাধীন বৃহত্তর খুলনা ও যশোর জেলা ক্ষুদ্র সেচ উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় নড়াইল ও মাগুড়াস্থ সার গুদাম ক্যাম্পাসে দুটি জোন অফিস নির্মাণের পরিকল্পনা রয়েছে এবং সে লক্ষ্যে প্রত্যেকটি জোন অফিস নির্মাণে সর্বমোট (৬৩০০ বর্গফুট নড়াইল ৩১৫০ বর্গফুট ও মাগুড়া ৩১৫০ বর্গফুট) ভূমির প্রয়োজন রয়েছে মর্মে ক্ষুদ্র সেচ বিভাগ জানায়।

০২. উপরে বর্ণিত ক্যাম্পাসমূহে জোন অফিস নির্মাণে প্রয়োজনীয় জমি রয়েছে কিনা অথবা জমি ক্ষুদ্র সেচ বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলে সার ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/বিঘ্ন সৃষ্টি হবে কিনা সেক্ষেত্রে আপনার মতামত প্রয়োজন। উল্লেখ্য যে, সার ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “সুষমরূপে নন-নাইট্রোজেনাস সার সংরক্ষণ ও সরবরাহ কার্যক্রম জোরদারকরণের জন্য ০১ লক্ষ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন প্রি-ফেব্রিকেটেড স্টিল গুদাম নির্মাণ প্রকল্প” এর আওতায় নড়াইলে ৩০০০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন প্রি-ফেব্রিকেটেড স্টিল গুদাম নির্মাণের পরিকল্পনা রয়েছে।

০৩. এমতাবস্থায়, ক্যাম্পাসমূহ সরজমিনে পরিদর্শনপূর্বক উপরে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. অফিস কপি।